গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং-৩৪.০১.১২০০.০০০.৩৭.০০১-১৩-২৪৭ তারিখ: ১০ জুন ২০২৬ খ্রি.

**"ভর্তি বিজ্ঞপ্তি"**

দেশের ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া জেলা কর্তৃক নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলি অনুসরণ পূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | প্রশিক্ষণ কোর্সের নাম ও প্রশিক্ষণ কেন্দ্রের ঠিকানা | মেয়াদ | কোর্স ফি | ভর্তির যোগ্যতা | কোর্সের ধরণ | আসন সংখ্যা | দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ | সাক্ষাৎকারের সময় তারিখ ও স্থান | প্রশিক্ষণ শুরুর তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | কম্পিউটার বেসিক অ্যান্ড আইসিটি অ্যাপ্লিকেশন যুব উন্নয়ন অধিদপ্তর কান্দিপাড়া, ব্রাহ্মণবাড়িয়া। | ৬মাস | ১০০০/- | এইচ এস সি | অনাবাসিক | ৫০ জন | ২৮-০৬-২০২৬ | ৩০-০৬-২০২৬ দুপুর: ১.০০ ঘটিকায় উপপরিচালকের কার্যালয় যুব উন্নয়ন অধিদপ্তর কান্দিপাড়া ব্রাহ্মণবাড়িয়া | ১-৭-২৬ |
| ০২ | ইলেকট্রিক্যাল অ্যান্ড হাউজ ওয়্যারিং যুব প্রশিক্ষণ কেন্দ্র যুব উন্নয়ন অধিদপ্তর সুলতানপুর, ব্রাহ্মণবাড়িয়া। | ৬ মাস | ৩০০/- | কমপক্ষে অষ্টম শ্রেণী | অনাবাসিক | ২৪ জন | ২৮-০৬-২০২৬ | ৩০-০৬-২০২৬ দুপুর: ১২.০০ ঘটিকায় উপপরিচালকের কার্যালয় যুব উন্নয়ন অধিদপ্তর কান্দিপাড়া ব্রাহ্মণবাড়িয়া | ১-৭-২৬ |
| ০৩ | রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং যুব প্রশিক্ষণ কেন্দ্র যুব উন্নয়ন অধিদপ্তর সুলতানপুর, ব্রাহ্মণবাড়িয়া। | ৬ মাস | ৩০০/- | কমপক্ষে অষ্টম শ্রেণী | অনাবাসিক | ২৪ জন | ২৮-০৬-২০২৬ | ৩০-০৬-২০২৬ সকাল: ১১.০০ ঘটিকায় উপপরিচালকের কার্যালয় যুব উন্নয়ন অধিদপ্তর কান্দিপাড়া ব্রাহ্মণবাড়িয়া | ১-৭-২৬ |
| ০৪ | পোশাক তৈরী যুব উন্নয়ন অধিদপ্তর কান্দিপাড়া, ব্রাহ্মণবাড়িয়া। | ৩ মাস | ১০০/- | কমপক্ষে অষ্টম শ্রেণী | অনাবাসিক | ২৫ জন | ২৮-০৬-২০২৬ | ৩০-০৬-২০২৬ সকাল: ১০.০০ ঘটিকায় উপপরিচালকের কার্যালয় যুব উন্নয়ন অধিদপ্তর কান্দিপাড়া ব্রাহ্মণবাড়িয়া | ১-৭-২৬ |
| ০৫ | গবাদিপশু, হাঁস-মুরগীপালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক প্রশিক্ষণ যুব প্রশিক্ষণ কেন্দ্র যুব উন্নয়ন অধিদপ্তর সুলতানপুর, ব্রাহ্মণবাড়িয়া। | ৩ মাস | ১০০/- (জামানত ১০০/- ফেরত যোগ্য) | কমপক্ষে অষ্টম শ্রেণী | আবাসিক | ৪০ জন | ২৮-০৬-২০২৬ | ৩০-০৬-২০২৬ সকাল: ৯.০০ ঘটিকায় ডেপুটি কো-অর্ডিনেটরের কার্যালয়, সুলতানপুর ব্রাহ্মণবাড়িয়া। | ১-৭-২৬ |

ক) প্রার্থীকে অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর বয়সী কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

খ) যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধীকার দেয়া হবে।

গ) সকল জেলা/উপজেলার আগ্রহী প্রার্থীগণ অনলাইনে https://ytms.gov.bd লিংকে গিয়ে আবেদন করতে হবে।

ঘ) আবেদনকারী/প্রার্থীর বয়স নির্ধারণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

ঙ) প্রশিক্ষণ কোর্সের আবেদনপত্র জেলার উপপরিচালক বরাবরে দাখিল করতে হবে।

চ) চূড়ান্ত প্রার্থীদের প্রশিক্ষণ শেষে MFS পদ্ধতিতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে দৈনিক উপস্থিতির ভিত্তিতে ভাতা প্রদান করা হবে। প্রশিক্ষণার্থীদের রকেটের মাধ্যমে ভাতা প্রদান করা হবে। সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীর রকেট একাউন্ট থাকতে হবে।

ছ) ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে সার্বক্ষনিক সক্রিয় মোবাইল নম্বর, Facebook আইডি, Whatsapp no ও ই-মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।

জ) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

CamScanner

ঝ) দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধি, অটিস্টিক ও হিজরাদের জন্য ৫% কোটা সংরক্ষণসহ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভূক্ত যুবদের কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে।

ঞ) সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এ জন্য কোনো প্রকার টি,এ/ডি,এ দেয়া হবে না।

ট) দূরবর্তীস্থানে বসবাসরত কর্মপ্রত্যাশী যুবদের সুবিধার্থে প্রশিক্ষণে ভর্তির আবেদনপত্র উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়/যুব প্রশিক্ষণ কেন্দ্র/ জেলা কার্যালয়ে/ইউনিয়ন ডিজিটাল সেন্টারে অনলাইনে উল্লেখিত লিংকে আবেদন দাখিল করতে পারবে, তবে হার্ডকপি সংশ্লিষ্ট প্রশিক্ষণ ট্রেডে জমা দিতে হবে।

ঠ) আবেদনপত্রের সাথে (ক). শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি, (খ) জাতীয় পরিচয়পত্র অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি জমা দিতে হবে। সাক্ষৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র ও সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি সংগে আনতে হবে।

**প্রশিক্ষণের শর্তাবলী:**

ক. প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।
খ. প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
গ. প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।
ঘ. প্রশিক্ষণকালীন সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি পরিপূর্ণভাবে পালন করতে হবে।
ঙ. তাত্ত্বিক ক্লাশগুলো অনলাইন/সশরীরে এবং ব্যবহারিক ক্লাশ গুলো বিভিন্ন গ্রুপে বিভক্ত করে প্রশিক্ষণ পরিচালনা করতে হবে।
চ. সকল কোর্সের প্রশিক্ষণার্থীগণ সরকারি বিধি মোতাবেক দৈনিক উপস্থিতির সাপেক্ষে ভাতা প্রাপ্য হবেন।
ছ. ইত:পূর্বে যিনি যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তিনি আবেদন করতে পারবেন না।

**প্রশিক্ষণ ও ভর্তির জন্য যোগাযোগ**

- উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া।
- ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, সুলতানপুর ব্রাহ্মণবাড়িয়া।
- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর (সংশ্লিষ্ট উপজেলা), ব্রাহ্মণবাড়িয়া।

২০.০৬.২৬

এ কে এম আবদুল্লাহ ভূঞা
উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং-৩৪.০১.১২০০.০০০.৩৭.০০১-১৩-২৪৭

তারিখঃ ১০ জুন ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. পরিচালক .......................................................................(সকল), যুব উন্নয়ান অধিদপ্তর, ঢাকা।
০২. জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
০৩. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।
০৪. সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া।
০৫. জেলা মৎস্য/প্রাণি সম্পদ/মহিলা বিষয়ক/সমাজসেবা কর্মকর্তা,................................................ব্রাহ্মণবাড়িয়া।
০৬. জেলা তথ্য কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া। (উক্ত ভর্তি বিজ্ঞাপনটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৭. উপজেলা নির্বাহী অফিসার, ...........................................................................(সকল) ব্রাহ্মণবাড়িয়া।
০৮. ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সুলতানপুর, ব্রাহ্মণবাড়িয়া।
০৯. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা(সকল),................... ব্রাহ্মণবাড়িয়া।(ভর্তি বিজ্ঞাপনটি উপজেলা পরিষদের সকল সদস্যকে অবহিত করণের অনুরোধসহ)।
১০. মহাপরিচালক(গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী , যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১১. সভাপতি/সাধারণ সম্পাদক, ........................................................................... যুব সংগঠন, ব্রাহ্মণবাড়িয়া।
১২. অফিস কপি।
১৩. নোটিশ বোর্ড।

২০.০৬.২০২৬

মো: আনিসুজ্জামান খান
সহকারী পরিচালক
যুব উন্নয়ান অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া।

CamScanner